

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ সালামের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদূল হামীদ ফাইযী

বিভিন্ন অবস্থার সালাম

সুন্নাত হল উট, ঘোড়া, সাইকেল বা গাড়ির উপর সওয়ার লোক পায়ে হেঁটে যাওয়া লোককে, পায়ে হেঁটে যাওয়া লোক বসে থাকা লোককে, অল্প সংখ্যক লোক বেশী সংখ্যক লোককে, বয়সে ছোট মানুষ অপেক্ষাকৃত বয়োজ্যেষ্ঠ মানুষকে সালাম দেবে।[1]

কিন্তু যদি এর বিপরীতভাবে কেউ সালাম দেয়, তাহলে তা দোষের কিছু নয়। তবে অবশ্যই সে সুন্নাহ ও আফযলের খিলাপ কাজ করবে।

পক্ষান্তরে উভয় পক্ষ যদি মানে ও পরিমাণে সমান হয়, তাহলে তাদের মধ্যে সেই ব্যক্তি উত্তম, যে প্রথমে সালাম দিয়ে থাকে।[2]

ফুটনোট

- [1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৬২৩১-৬২৩২, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২১৬০
- [2]. বুখারী তাওহীদ পাবঃ হা/৬০৭৭, সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/১১৪৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=7977

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন